



২৯৭ আসনে চূড়ান্ত বিজয়ী বিএনপি জোট ২১২, জামায়াত জোট ৭৭



ইসি সচিব আখতার। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে এখন পর্যন্ত ২৯৭টি আসনের বেসরকারি ফল ঘোষণা করেছে বাংলাদেশ নির্বাচন কমিশন। শুক্রবার দুপুরের পর রাজধানীর আগারগাঁওয়ে কমিশন ভবনে ফলাফল তুলে ধরেন ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ।

ঘোষিত ফল অনুযায়ী, বিএনপি নেতৃত্বাধীন জোট পেয়েছে ২১২টি আসন। এর মধ্যে এককভাবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) পেয়েছে ২০৯টি আসন। অন্যদিকে, বাংলাদেশ জামায়াতে ইসলামী-নেতৃত্বাধীন জোটের খুলিতে গেছে ৭৭টি আসন; দলটি এককভাবে পেয়েছে ৬৮টি আসন। এছাড়া ইসলামী আন্দোলন বাংলাদেশ পেয়েছে ১টি আসন এবং স্বতন্ত্র প্রার্থীরা জিতেছেন ৭টিতে।

সহযোগী দলগুলোর মধ্যে জাতীয় নাগরিক পার্টি ৬টি, বাংলাদেশ খেলাফত মজলিস ২টি, খেলাফত মজলিস ১টি, বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি ১টি, গণসংহতি আন্দোলন ১টি এবং গণঅধিকার পরিষদ ১টি আসন পেয়েছে।

চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফল আপাতত স্থগিত রাখা হয়েছে; একটি আসনের ফল আগেই স্থগিত ছিল। সচিব জানান, ভোটের হার ছিল ৫৯ দশমিক ৪৪ শতাংশ। রিটার্নিং কর্মকর্তাদের তথ্য যাচাই শেষে দ্রুত গেজেট প্রকাশ করা হবে বলেও তিনি উল্লেখ করেন। তবে কে শপথ পাঠ করাবেন, সে বিষয়ে মন্তব্য করার এখতিয়ার ইসির নেই বলে স্পষ্ট করেন তিনি।